বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# Bangladesh Securities and Exchange Commission

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৯৩ তারিখঃ ০৭ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২০ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮২১ তম কমিশন সভা অদ্য ২০/০৪/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Sonali Paper & Board Mills Limited ১০.০০ (দশ) টাকা মূল্যের ১,০৯,৮১,৭২৯ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে রাইটস শেয়ার হিসেবে ইস্যুর মাধ্যমে (১R:২ হারে অর্থাৎ বিদ্যমান দুইটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি সাধারণ শেয়ার রাইটস হিসেবে) মোট ১০,৯৮,১৭,২৯০.০০ (দশ কোটি আটানব্বই লক্ষ সতের হাজার দুইশত নব্বই) টাকা মূলধন সংগ্রহের জন্য আবেদন করে। সেই প্রেক্ষিতে কমিশন উক্ত আবেদনের অনুমোদন প্রদান করে।

Sonali Paper & Board Mills Limited এর মূলধনী যন্ত্রপাতি ক্রয়ের এর লক্ষ্যে রাইটস শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গ্রহণ করে। উল্লেখ্য, কোম্পানি আগামী ০৫ (পাঁচ) বছর বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে তার পরিশোধিত মূলধন বৃদ্ধি করতে পারবে না এবং স্পনসর/ডিরেক্টরদের শেয়ার ০৩ (তিন) বছর লক ইন (Lock-in) থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী জুন ৩০, ২০২১ইং তারিখে সমাপ্ত অর্থ-বছরে কোম্পানিটির নগদ ও বোনাস শেয়ার বিবেচনায়, শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) ২৩৫.২৭ টাকা (with Assets revaluation), ১০.৯৩ টাকা (without Assets revaluation) এবং শেয়ার প্রতি আয় (Diluted EPS) ৪.০৭ টাকা। উল্লেখ্য যে, UCB Investment Limited সংশ্লিষ্ট ক্ষেত্রে ইস্যু ব্যবস্থাপকের দায়িত্ব পালন করে।

20-04-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh
Phone (PABX): +88-02-55007131-2, Fax: +88-02-55007106, Email: info@sec.gov.bd, Web: www.sec.gov.bd